মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে উন্নয়ন অভিযাত্রায়

# শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প

## Physically Disabled Protection Trust, **Maitri Shilpa**




## সমাজকল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




## শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প প্রতিবন্ধীবান্ধব একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের আওতায় দেশ সেরা বোতলজাত বিশুদ্ধ মুক্তা পানি ও মৈত্রী প্লাস্টিক পণ্য উৎপাদন ও বিপণন করা হয়। এ উৎপাদন ও বিপণন প্রক্রিয়ার সাথে যে সকল কর্মকর্তা/ কর্মচারী জড়িত রয়েছেন তাদের সিংহভাগই প্রতিবন্ধী। এ প্রতিষ্ঠানের একটি অনন্য বৈশিষ্ট্য হচ্ছে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত মুক্তা বোতলজাত বিশুদ্ধ পানি ও মৈত্রী প্লাস্টিক পণ্যের বিক্রয়লব্ধ সমুদয় আয় প্রতিবন্ধীদের কল্যাণেই ব্যয় করা হয়ে থাকে।

প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়ন ও অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় ও প্রতিবন্ধীদের প্রতি তাঁর মানবিকতাবোধ থেকে তাঁর সরকার মৈত্রী শিল্পের আধুনিকায়ন ও সম্প্রসারণে **‘শারীরিক প্রতিবন্ধীদের জন্য শিল্প উন্নয়ন ও আধুনিকায়ন’** শীর্ষক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে। এছাড়াও বিগত ১২ (বারো) বছরে (২০০৯-২০২০) প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী মৈত্রী শিল্পের আমূল পরিবর্তন ও সংস্কারের মধ্য দিয়ে শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প আজ রুগ্ন শিল্প হতে প্রতিবন্ধীবান্ধব একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

“প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়ন ও সমাজের মূলস্রোতে অন্তর্ভূক্তির অভিযাত্রায় মুজিববর্ষ হোক আমাদের অন্যতম প্রেরণার উৎস” - এই শ্লোগানকে ধারণ করে মৈত্রী শিল্প মুজিববর্ষে উল্লেখযোগ্য উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করে যা স্বাধীনতার এই সুবর্ণ জয়ন্তীতেও প্রতিবন্ধীদের সমাজের মূলস্রোতে অন্তর্ভূক্তিতে প্রেরণা হিসেবে কাজ করছে।




# মৈত্রী শিল্পের
# বর্তমান উৎপাদন কার্যক্রম

## মুক্তা ড্রিংকিং ওয়াটার

বর্তমান সরকারের সহায়তায় মৈত্রী শিল্পের উন্নয়ন ও আধুনিকায়ন প্রকল্পের আওতায় মুক্তা ড্রিংকিং ওয়াটার প্লান্ট স্থাপন করা হয়। আমেরিকান বিশ্ববিখ্যাত ওয়াটার পিউরিফিকেশন এন্ড বটলিং প্লান্ট মেশিনারীজ প্রস্তুতকারী প্রতিষ্ঠান ইউনিভার্সেল এ্যাকুয়া টেকনোলজিস ইনকর্পোরেট হতে আমদানিকৃত মুক্তা ড্রিংকিং ওয়াটার প্লান্ট। মুক্তা বোতলজাত সুপেয় পানি এই অত্যাধুনিক মেশিন দ্বারা ১১ টি ধাপে "রিভার্স অসমোসিস পদ্ধতিতে" পরিশোধিত হয়। উৎপাদন কাজে নিয়োজিত ব্যক্তিবর্গের সার্বক্ষণিকভাবে হাইজেনিক চেক, পরিস্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা হয়। প্রতি ব্যাচে উৎপাদিত মুক্তা বোতলজাত সুপেয় পানি ল্যাবরেটরিতে পরীক্ষা ও গুনগত মান নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। মুক্তা বোতলজাত বিশুদ্ধ পানির মিনারেল কম্পোজিশন বাজারে প্রচলিত অন্যান্য বোতলজাত পানির তুলনায় ভারসাম্যপূর্ণ যা মানবদেহের জন্য সম্পূর্ণ নিরাপদ ও স্বাস্থ্যসম্মত।

Microbiological Test Result from icddr,b

| Water Quality Parameters | Unit | Result |
|---|---|---|
| 1. Total coliforms | CFU/100mL | 0 |
| 2. Faecal coliforms | CFU/100mL | 0 |
| 3. Total aerobic bacterial count | CFU/mL | <10 |
| 4. Pseudomonas spp. | CFU/100mL | 0 |

মিনারেল কম্পোজিশন

| | | | |
|---|---|---|---|
| ১. টিডিএস (TDS) | <১৭ মিঃগ্রাঃ/লিঃ | ৭. নাইট্রেট ($NO_3$) | শূন্য |
| ২. পিএইচ ভ্যালু ($P^H$) | ৬.৪০ - ৬.৭০ | ৮. নাইট্রাইট ($NO_2$) | শূন্য |
| ৩. আর্সেনিক (As) | শূন্য | ৯. সায়ানাইড (CN) | শূন্য |
| ৪. ক্যাডমিয়াম (Cd) | শূন্য | ১০. আয়রণ (Fe) | <০.৫ মিঃগ্রাঃ/লিঃ |
| ৫. লিড (Pb) | শূন্য | ১১. টোটাল হার্ডনেস ($CaHCo_3$) | <১.৫ মিঃগ্রাঃ/লিঃ |
| ৬. ক্লোরাইড ($Cl^-$) | <২.১৩ মিঃগ্রাঃ/লিঃ | ১২. ক্যালসিয়াম (Ca) | <০.২ মিঃগ্রাঃ/লিঃ |



## মৈত্রী প্লাস্টিক সামগ্রী

মৈত্রী শিল্পে প্লাস্টিক সামগ্রী উৎপাদন বিভাগে দৈনন্দিন ব্যবহার্য বিভিন্ন ধরনের প্লাস্টিক দ্রব্যাদি যেমন গামলা, জগ, মগ, থালা, বাটি গ্লাস্, বিভিন্ন সাইজের ঢাকনাযুক্ত কন্টেইনার, ডাবল কালার স্যুপ বাটি, কোট হ্যাংগার, টিফিন বক্স, ঝুঁড়ি, প্লাস্টিক ট্রে, বেবী বাস্কেট, স্বচ্ছ গ্লাস, ডিনার ট্রে, সালাদ/ডেজার্ট বাটি তৈরী করা হচ্ছে। বিভিন্ন ধরনের কম্পিউটারাইজড সেমি-অটোমেটিক মেশিন এর মাধ্যমে ফুডগ্রেড কাঁচামালে এ সকল পণ্য তৈরী করা হয় যা আন্তর্জাতিক মানসম্পন্ন ও স্বাস্থ্যসম্মত। প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত এ সকল প্লাস্টিক সামগ্রী "মৈত্রী" ব্র্যান্ড নামে সাধারণ ভোক্তা, বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠান ও সরকারি প্রতিষ্ঠানসমূহের চাহিদা অনুযায়ী সরবরাহ করা হয়ে থাকে।








## মৈত্রী শিল্পের কার্যাবলী

- ❑ প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের মূলস্রোতধারায় অর্ন্তভুক্ত করার জন্য শিল্প বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদে রূপান্তর করা।
- ❑ প্রতিবন্ধীদের আর্থ-সামাজিক সুরক্ষার লক্ষ্যে তাদের কর্মসংস্থান ও পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন করা।
- ❑ মৈত্রী প্লাস্টিক পণ্য সামগ্রী ও মুক্তা ন্যাচারাল ড্রিংকিং ওয়াটার উৎপাদন ও বিপণন কাঙ্ক্ষিত মানে উন্নীতকরণের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের টেকসই উন্নয়ন নিশ্চিত করা।
- ❑ প্রতিবন্ধী শিক্ষিত ব্যক্তিদের সামাজিক নিরাপত্তার অংশ হিসেবে **'প্রতিবন্ধী মেধাবৃত্তি'** প্রদান।
- ❑ মৈত্রী শিল্পের উৎপাদিত প্লাস্টিক পণ্য সামগ্রী ও মুক্তা ন্যাচারাল ড্রিংকিং ওয়াটার সরকারী, আধাসরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসহ সর্বস্তরের ভোক্তাদের মাঝে সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে সরকারের রাজস্ব বৃদ্ধি ও প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখা।







প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়, সম্পদ।
প্রতিবন্ধীদের প্রতি সহানুভূতিশীল হউন,
তাদের সহযোগিতায় এগিয়ে আসুন।
- শেখ হাসিনা

বাংলাদেশের আর্থ-সামজিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদৃষ্টি ও ভিশনারী পদক্ষেপের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও কাঙ্খিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জণ সম্ভব হয়েছে। ধারাবাহিকভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জণ ও সামাজিক সূচকসমূহের ক্রমাগত উন্নতির মাধ্যমে তিনি দেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে পেরেছেন। **"প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয় সম্পদ"** মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিবন্ধীবান্ধব এই দৃষ্টিভঙ্গি ও প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নে কিছু অনুশাসন বাস্তবায়নের মাধ্যমে এই সংস্থাটি প্রতিবন্ধীতা উত্তরণে বিশেষ ভূমিকা পালন করে যাচ্ছে। প্রতিবন্ধীতা উত্তরণে মৈত্রী শিল্পের প্রতি তাঁর মানবিকবোধ ও ঐকান্তিক প্রচেষ্টায় এই প্রতিষ্ঠানটি একটি রুগ্ন শিল্প হতে প্রতিবন্ধীবান্ধব একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প প্রতিবন্ধীদের জীবনমান উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করেছে।

## বঙ্গবন্ধু কর্ণার স্থাপনঃ

মুজিববর্ষ উপলক্ষ্যে মৈত্রী শিল্পে একটি দৃষ্টিনন্দন আধুনিক স্থাপত্যের **"বঙ্গবন্ধু কর্ণার"** স্থাপন করা হয়েছে। যেখানে বঙ্গবন্ধুর কর্মময় জীবন, বাংলাদেশের স্বাধীনতা আন্দোলন ও বাঙালির সংস্কৃতি সংক্ষিপ্তভাবে তুলে ধরা হচ্ছে। এছাড়াও এ কর্ণারে বঙ্গবন্ধুর বিভিন্ন সময়ের গুরুত্বপূর্ণ ছবি ও ঐতিহাসিক ভাষন, বঙ্গবন্ধুর উপর বিভিন্ন প্রকাশনা, স্বাধীনতার বিভিন্ন স্মারক সংরক্ষণ করা হচ্ছে। পাশাপাশি বঙ্গবন্ধু কর্ণার এর অভ্যন্তরে বঙ্গবন্ধুর **"অসমাপ্ত আত্নজীবনী"** গ্রন্থসহ বঙ্গবন্ধুকে নিয়ে বিভিন্ন সময়ে প্রকাশিত বই-পুস্তক, বাংলাদেশের সংবিধান ও স্বাধীনতা সংগ্রামের দলিল সমগ্র সংরক্ষণের মাধ্যমে একটি ক্ষুদ্র গ্রন্থাগারও গড়ে তোলা হয়েছে।

মৈত্রী শিল্পে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের মূল উদ্দেশ্য হচ্ছে, মৈত্রী শিল্পের কর্মকর্তা/কর্মচারীসহ পরবর্তী প্রজন্ম যেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর কর্মময় জীবন, বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস, বাঙালির কৃষ্টি, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা লাভসহ দেশ গঠনে অনুপ্রেরণা পেতে পারে।





## প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক/শিল্প বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদে রুপান্তরপূর্বক কর্মসংস্থানের ব্যবস্থাকরণ

শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক/ শিল্প বিষয়ক প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষ মানব সম্পদে রুপান্তর করে বর্তমান সরকারের সময়ে প্রায় ২,০০০ (দুই হাজার) প্রতিবন্ধী ব্যক্তিকে মৈত্রী শিল্পসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কর্সংস্থানের ব্যবস্থা করেছে। “মুজিববর্ষ বৃত্তিমূলক প্রশিক্ষণের” মাধ্যমে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে ৩০০জন প্রতিবন্ধীকে প্রশিক্ষনের মাধ্যমে মানবসম্পদে রূপান্তর করে এর মধ্য হতে ১০০ জন প্রতিবন্ধীর কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।



## মুক্তা ড্রিংকিং ওয়াটার অটোমেশন প্লান্ট স্থাপন

মুক্তা ড্রিংকিং ওয়াটারের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর অনুসাশন বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরে ঘন্টায় ৬,০০০ (ছয় হাজার) বোতল উৎপাদন ক্ষমতাসম্পন্ন “মুক্তা ড্রিংকিং ওয়াটারের বাজার সম্প্রসারণ, আধুনিকায়ন ও টেকসই উন্নয়নের লক্ষ্যে সম্পূর্ণ অটোমেশন প্লান্ট ক্রয় ও প্রতিস্থাপন” শীর্ষক কর্মসূচীটি নির্ধারিত সময় ৩০ জুন’ ২০২০ তারিখের মধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে। ফলে ভোক্তাদের চাহিদা অনুযায়ী সারাদেশে গর্যাপ্ত পরিমান ড্রিংকিং ওয়াটার সরবরাহ করা সম্ভব হচ্ছে।



## মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদান




২০১৮-২০১৯ অর্থবছর হতে প্রতিবছর সামাজিক সুরক্ষার অংশ হিসেবে ৬৪ টি জেলার প্রতিটি জেলা হতে ০৪ জন করে (২জন ছাত্র ও ২জন ছাত্রী) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।

## নিরাপত্তা চৌকি ও আর এম ইউ (RMU) রুম স্থাপনঃ




মৈত্রী শিল্পের সার্বিক নিরাপত্তা ও উৎপাদনকাজে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরে নিরাপত্তা চৌকি ও আর এম ইউ রুম স্থাপন করা হয়।

## ইন্ড্রাস্ট্রিয়াল সেড নির্মাণ ও ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন



২০১৯-২০২০ অর্থবছরে মুক্তা ড্রিংকিং ওয়াটার এর বাজার সম্প্রসারণের লক্ষ্যে সম্পূর্ণ অটোমেশন প্লান্ট স্থাপন করা হয়েছে। মুক্তা ড্রিংকিং ওয়াটার অটোমেশন প্লান্ট স্থাপনের জন্য মৈত্রী কমপ্লেক্সে একটি আধুনিক ইন্ড্রাস্ট্রিয়াল সেড ও ৮০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপন করা হয়েছে।

## মৈত্রী পণ্যের বাজার সম্প্রসারণ (ডিলার/ পরিবেশক নিয়োগ)

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত মুক্তা ড্রিংকিং ওয়াটার ও মৈত্রী প্লাস্টিক পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ৮ বিভাগীয় পর্যায়ে মৈত্রী শিল্পের ৮টি শাখা/ শোরুম-কাম সেলস সেন্টার গড়ে তোলার কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। মৈত্রী শিল্পের পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে রাজধানী ঢাকাসহ দেশের প্রতিটি জেলায় মুক্তা ড্রিংকিং ওয়াটারের ডিলার/পরিবেশক নিয়োগ করা হয়েছে। ঢাকা, রংপুর ও চট্টগ্রাম বিভাগে মৈত্রী শিল্পের শাখা স্থাপনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

বর্তমান সরকারের বিগত ১২(বার) বছরে (২০০৯-২০২০) প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মান উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক প্রতিশ্রুতি ও তার দূরদৃষ্টি সম্পন্ন সিদ্ধান্তের ফলে প্রতিষ্ঠানটির আমূল পরিবর্তন ও সংস্কারের মধ্য দিয়ে শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প আজ রুগ্ন শিল্প হতে প্রতিবন্ধীবান্ধব একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং প্রতিবন্ধীতা উত্তরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে যাচ্ছে। যা রূপকল্প ২০৪১ বাস্তবায়ন ও প্রতিবন্ধীদের টেকসই উন্নয়ন নিশ্চিতকরনের মাধ্যমে উন্নত দেশে রূপান্তরের অভিযাত্রায় এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি অনন্য পদক্ষেপ।



শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প

Physically Disabled Protection Trust, **Maitri Shilpa**

সদর দপ্তরঃ স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর।
ফোনঃ +৮৮-০২-৯৮১৩২৭৯,
ফ্যাক্সঃ +৮৮-০২-৯৮১১১৬৭
ই-মেইলঃ maitrishilpa@yahoo.com
ওয়েব সাইটঃ www.spst.gov.bd

সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার